# মডিউলঃ ০৪

**শিক্ষণীয় বিষয়ঃ বাহিনীর সাংগঠনিক কাঠামো পরিচিতি।**

ক. সদর দপ্তর থেকে ইউনিয়ন/পৌর ওয়ার্ড পর্যন্ত সাংগঠনিক কাঠামো

খ. চেইন অব কমান্ড

১৯৪৮ সালের ১২ ফেব্রুয়ারি আনসার বাহিনী প্রতিষ্ঠা লাভ করে। স্বাধীনতা পরবর্তী সময়ে ১৯৭৬ সালে প্রতিষ্ঠিত হয় আনসার ব্যাটালিয়ন ও গ্রাম প্রতিরক্ষা দল। ১৯৮০ সালে শহর প্রতিরক্ষা দল প্রতিষ্ঠিত হয়।

আনসার বাহিনীর এই তিনটি পৃথক মৌলিক ইউনিট পৃথক তিনটি আইনের মাধ্যমে পরিচালিত হয়। আইন সমূহ হলোঃ

১. আনসার বাহিনী আইন্ ১৯৯৫
২. গ্রাম প্রতিরক্ষা দল আইন্ ১৯৯৫
৩. আনসার ব্যাটালিয়ন আইন্ ২০২৩ (পূর্বের আইন ব্যাটালিয়ন আনসার আইন্ ১৯৯৫)

▪ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধিভুক্ত। বর্তমানে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে রয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা **লেফটেন্যান্ট জেনারেল (অব.) মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী** এবং জননিরাপত্তা বিভাগের দায়িত্বে রয়েছেন সিনিয়র সচিব **জনাব ড. মোহাম্মদ আবদুল মোমেন।**

▪ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রধানকে মহাপরিচালক বা সংক্ষেপে ডিজি (Director General) বলা হয়। বাহিনীর বর্তমান মহাপরিচালক **মেজর জেনারেল আবদুল মোতালেব সাজ্জাদ মাহমুদ এসজিপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি** । আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, ঢাকার খিলগাঁও এ অবস্থিত।

▪ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে ০২ (দুই) টি অতিরিক্ত মহাপরিচালক পদ রয়েছে। যার মধ্যে ০১ (এক) টি বাহিনীর সদর দপ্তর এবং অপরটি আনসার-ভিডিপি একাডেমীর জন্য নির্দিষ্টকৃত।

▪ বাহিনীতে মোট ১২টি উপমহাপরিচালক পদ রয়েছে। সদর দপ্তরের জন্য ০৩ (তিন) টি, আনসার-ভিডিপি একাডেমির জন্য ০১ (এক) টি এবং ০৯ (নয়) টি রেঞ্জের মধ্যে কুমিল্লা রেঞ্জ ব্যতীত ০৮ (আট) টি রেঞ্জে ০৮ (আট) টি উপমহাপরিচালক পদ নির্দিষ্টকৃত। রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত উপমহাপরিচালকগণ রেঞ্জ প্রধান হয়ে থাকেন এবং "রেঞ্জ কমান্ডার" নামে অবহিত হন। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর রেঞ্জসমূহ হলো-

১) ঢাকা রেঞ্জ,
২) চট্টগ্রাম রেঞ্জ,
৩) রাজশাহী রেঞ্জ,
৪) খুলনা রেঞ্জ,
৫) বরিশাল রেঞ্জ,
৬) সিলেট রেঞ্জ
৭) রংপুর রেঞ্জ,
৮) ময়মনসিংহ রেঞ্জ
৯) কুমিল্লা রেঞ্জ।

▪ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে পরিচালক পদ ৬৫টি। সদর দপ্তরের জন্য ১১টি, আনসার-ভিডিপি একাডেমির জন্য ৩টি, রেঞ্জসমূহের জন্য 09টি এবং আনসার ব্যাটালিয়ন সমূহের জন্য ৪২টি

পরিচালক পদ নির্ধারিত। আনসার ব্যাটালিয়ন সমূহের প্রধান পরিচালক পদ মর্যাদার কর্মকর্তা হয়ে থাকেন এবং তাদেরকে আনসার ব্যাটালিয়ন আইন ২০২৩ অনুযায়ী অধিনায়ক বা সংক্ষেপে CO (Commanding Office) নামে অভিহিত করা হয়। সমগ্র বাংলাদেশ জুড়ে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মোট ৪২টি ব্যাটালিয়ন রয়েছে। ৪২টি ব্যাটালিয়নের মধ্যে ০২টি মহিলা আনসার ব্যাটালিয়ন এবং ০১টি চৌকস আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি) রয়েছে।


- বাহিনীতে উপপরিচালক পদ মোট ১২৫টি। সদর দপ্তরের জন্য ১২টি, আনসার ভিডিপি একাডেমির জন্য ৫টি, রেঞ্জের জন্য 01টি (শুধুমাত্র ময়মনসিংহ রেঞ্জের জন্য), ব্যাটালিয়ন সমূহের জন্য ৪২টি, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ভিটিসি এর জন্য ০১টি এবং জেলাসমূহের জন্য ৬৪টি উপপরিচালক পদ রয়েছে। জেলার আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রধান একজন উপপরিচালক পদমর্যাদার কর্মকর্তা হয়ে থাকেন এবং তাদেরকে জেলা কমান্ড্যান্ট নামে অভিহিত করা হয়। জেলা কমান্ডান্টই জেলার প্রধান কর্মকর্তা।

- জেলার উপজেলা/ থানাসমূহে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/ থানা আনসার ও ভিডিপি কর্মকর্তা সংক্ষেপে ইউএভিডিও/ টিএভিডিও বলা হয়। এছাড়া প্রতিটি উপজেলায় ০২ (দুই) জন উপজেলা প্রশিক্ষক ( ০১ জন পুরুষ ও ০১ জন মহিলা) রয়েছে।

- উপজেলার স্বেচ্ছাসেবী সংগঠন-
    - ০১ জন আনসার কোম্পানী কমান্ডার,
    - ০১ জন সহকারী আনসার কোম্পানী কমান্ডার,
    - ০১ জন মহিলা আনসার প্লাটুন কমান্ডার,
    - ০১ জন সহকারী মহিলা আনসার প্লাটুন কমান্ডার

- ইউনিয়ন/ পৌর ওয়ার্ড পর্যায়ে স্বেচ্ছাসেবী সংগঠন:
    - প্রতিটি ইউনিয়ন ও পৌর ওয়ার্ডে ০১ জন ভিডিপি ইউনিয়ন/ ওয়ার্ড দলনেতা,
    - ০১ জন ইউনিয়ন/ ওয়ার্ড দলনেত্রী,
    - ০১ জন ইউনিয়ন আনসার কমান্ডার
    - ০১ জন ইউনিয়ন সহকারী আনসার কমান্ডার

# সাংগঠনিক কাঠামো



স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
সুরক্ষা সেবা বিভাগ
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর
একাডেমি (১)
রেঞ্জ (৯টি)
ভিটিসি (২)
জেলা (৬৪) ও ব্যাটালিয়ন (৪২)
উপজেলা (৪৯২)
ইউনিয়ন (৪৫৩৯)

## কমান্ড চ্যানেলঃ

আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মাঠ পর্যায় হতে কেন্দ্র পর্যন্ত কমান্ড চ্যানেল নিম্নের ফ্লোচার্টের মাধ্যমে উপস্থাপন করা হলো

ইউনিয়ন → উপজেলা → জেলা → রেঞ্জ → আনসার ও ভিডিপি সদর দপ্তর

## চার্টার অব ডিউটিজ

## জেলা কমান্ড্যান্ট

**দায়িত্বাবলী:**

১। জেলার আনসার ও ভিডিপি সদস্যদের সার্বিক কর্মকান্ডের জন্য দায়িত্বপ্রাপ্ত;

২। জেলা আনসার ও ভিডিপি কার্যালয়ের সুষ্ঠু ব্যবস্থাপনা, আইন শৃঙ্খলা রক্ষা এবং অধীনস্থ কর্মচারীদের কার্যক্রম তত্ত্বাবধান, শৃঙ্খলাজনিত কার্যক্রম গ্রহণ ও অন্যান্য প্রশাসনিক কার্যক্রম তত্ত্বাবধানের জন্য দায়িত্ব প্রাপ্ত;

৩। জেলা আনসার ও ভিডিপি সদস্যদের কাজের সমন্বয় সাধন করা;

৪। জেলা আনসার ও ভিডিপি কার্যালয়- এর আয়ন ও ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করা;

৫। বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন ও আনসার ভিডিপি সদস্যদের ক্যাম্পসমূহ পরিচালনার জন্য দায়িত্ব প্রাপ্ত;

৬। সরকারের নির্দেশনা অনুযায়ী আনসার ও ভিডিপি সদস্যদের বাছাই ও প্রশিক্ষণ প্রদান করা;

৭। সেনাবাহিনী, পুলিশ ও অন্যান্য বেসামরিক কর্তৃপক্ষের সাথে যথাযথ সমন্বয় বজায় রাখা এবং জেলায় আনসার ভিডিপির কর্মকান্ড সমন্বয় করা;

৮। সার্কেল অ্যাডজুট্যান্ট, উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তাসহ আনসার ভিডিপির অন্যান্য অফিস সমূহ পরিদর্শন করা এবং রেঞ্জ কার্যালয়ে রিপোর্ট প্রদান করা;

৯। জেলায় সরকারি ও বাহিনীর সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও তত্ত্বাবধানের জন্য দায়বদ্ধ;

১০। জেলা আনসার ও ভিডিপি সদস্যদের কার্যক্রম সম্পর্কে সদর দপ্তরকে অবহিত করার জন্য মাসিক ও অন্যান্য প্রয়োজনীয় রিপোর্ট নিয়মিতভাবে প্রদান করা;

১১। সদর দপ্তর কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত আদেশ ও নির্দেশনা সমূহ বাস্তবায়ন করা;

১২। আনসার ও ভিডিপি সদস্যদের সব ধরনের উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা;

১৩। প্রাকৃতিক দূর্যোগের সময় জেলায় চলমান কার্যক্রম সমূহ ও সদর দপ্তর কর্তৃক নির্দেশিত আদেশসমূহ বাস্তবায়ন ও তত্ত্বাবধান করা;

১৪। স্বেচ্ছাসেবী আনসার ভিডিপি সদস্যদের কার্যকরী প্রশিক্ষণের মাধ্যমে দেশের আর্থসামাজিক উন্নয়নের জন্য কাজ করা;

১৫। জেলার স্বেচ্ছাসেবী আনসার ও ভিডিপি সদস্যদের পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান এবং তাদেরকে উন্নয়নমূলক কর্মকান্ডে উৎসাহিত করা;

১৬। যুদ্ধাকালীন সশস্ত্র বাহিনীর সাথে সমন্বয় করে প্রচলিত যুদ্ধের পাশাপাশি অপ্রচলিত/ গেরিলা যুদ্ধ (Unconventional Warfare) পরিচালনার জন্য প্রতি উপজেলায় ১১৫ জন আনসার সদস্যের সমন্বয়ে আনসার কোম্পানি সংগঠিতকরণ ও উপযোগী করে গড়ে তোলার নিমিত্ত দায়িত্ব পালন করা;

১৭। অঙ্গীভূত আনসার ও ভিডিপি সদস্যদের মোতায়েনের জন্য দায়িত্ব প্রাপ্ত;

১৮। তালিকাভুক্ত অঙ্গীভূত আনসারদের বদলি ও বিভিন্ন কেপিআইসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণে জন্য মোতায়েন করণ ও তাদের বেতনভাতাদিসহ অন্যান্য কল্যাণ নিশ্চিত করা;

১৯। জেলায় মোতায়েনকৃত অঙ্গীভূত আনসার সদস্যদের কার্যক্রম ও কল্যাণ নিশ্চিত করা;

২০। জেলা পর্যায়ে খেলাধুলার আয়োজন করা এবং উক্ত অনুষ্ঠানসমূহ তত্ত্বাবধান করা;

২১। সরকার কর্তৃক আরোপিত অন্য যে কোন দায়িত্ব পালন করা;

## সার্কেল অ্যাডজুট্যান্ট/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/ থানা আনসার ও ভিডিপি কর্মকর্তা

**দায়িত্বাবলী:**

1. জেলা কমান্ড্যান্ট এর দিক নির্দেশনায় এবং সদর দপ্তরের নীতিমালা অনুযায়ী উপজেলা পর্যায়ে সংগঠনের সকল কর্মসূচি বাস্তবায়ন ও সমন্বয় সাধন করা। উপজেলা কার্যালয়ের সকল প্রশিক্ষক/ প্রশিক্ষিকা, কর্মচারী ও সদস্য-সদস্যাদের প্রশাসন, দক্ষতা এবং দায়িত্বাবলী তদারকি করা;
2. উপজেলা পর্যায়ে সকল প্রশিক্ষণ ও সমাবেশ এর আয়োজন করা;
3. জাতীয়, রেঞ্জ ও জেলা পর্যায়ের সকল প্রশিক্ষণ কর্মসূচিতে যোগ্য প্রশিক্ষণার্থী প্রেরণের ব্যবস্থা করা;
4. উপজেলা কার্যালয়ের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করা;
5. সাংগঠনিক কর্মকান্ডের এবং দাপ্তরিক কাজের প্রতিবেদন সমূহ উর্দ্ধতন অফিসে নিয়মিত প্রেরণের ব্যবস্থা করা;
6. মাঠ পর্যায়ে সকল সাংগঠনিক, উন্নয়ন মূলক, সেবামূলক ও উদ্বুদ্ধকরণ কর্মসূচি তত্ত্বাবধান ও সমন্বয় সাধন করা;
7. উপজেলা পর্যায়ে আন্তঃ বিভাগীয় সমন্বয় সাধন করা;
8. উপজেলার সকল কেপিআই এর অংগীভূত আনসারদের শৃংখলা, কল্যাণ, প্রশাসন ও লজিষ্টিক প্রদানের ক্ষেত্রে তদারকি ও সমন্বয় সাধন করা;
9. অংগীভূত আনসারদের ভাতাদি ও রেশন সামগ্রী বিতরণ করা;
10. স্থানীয় সরকারের উন্নয়নমূলক ও আইন শৃংখলা বিষয়ক কাজে সহায়তা প্রদান করা;
11. উপজেলা পর্যায়ে সংগঠন ও আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের মধ্যে সমন্বয় সাধন করবেন। বাহিনীর স্বেচ্ছাসেবী সদস্য-সদস্যাদের ঋণ গ্রহণ, প্রকল্প পরিচালনা ও ঋণ পরিশোধের ক্ষেত্রে প্রয়োজনীয় উপদেশ ও পরামর্শ প্রদান এবং প্রকল্প পরিচালনা ও ঋণ পরিশোধের বিষয় তদারকি করা;
12. কল্যাণ এবং পুরস্কার সংক্রান্ত সকল বিষয়ে সুপারিশসহ প্রস্তাব তৈরি ও প্রেরণ করা;
13. উপজেলায় যে কোন জরুরি প্রয়োজনে স্বেচ্ছাসেবী আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাদের সংগঠিত করে মোতায়েন ও নেতৃত্বদান করা;
14. উপজেলার সদস্যদের আইন শৃংখলা রক্ষাকারী সংস্থাকে সহযোগীতায় উদ্ধুদ্ধ করা এবং স্বেচ্ছাসেবী সদস্যদের পাহারা কালে সদস্যদের হাতে আটক চোর, ডাকাত ও দুস্কৃতকারীদের থানায় সোপর্দ করার ব্যবস্থা গ্রহণ করা;
15. ইউনিয়ন দলনেতা ও দলনেত্রীদের উপর অর্পিত দায়িত্ব সম্পাদনের বিষয়টি নিশ্চিতকরণ এবং তাদের কাজের জন্য পৃথক পৃথক রেজিষ্টার সংরক্ষণ করা;
16. উপজেলার সকল ইউনিয়ন দলনেতা ও দলনেত্রীদের নিয়ে মাসে দুইবার বৈঠকে মিলিত হবেন এবং সাংগঠনিক কাজের মূল্যায়ন করা;
17. দায়িত্ব পালন করতে গিয়ে নিহত/ পঙ্গু সদস্য-সদস্যার পরিবারের খোঁজ খবর নেয়া এবং নিয়মিত মাসিক ভাতা প্রাপ্তির বিষয়ে সহায়তা করা;
18. গ্রাম দলনেতা/ দলনেত্রী/ সহকারী দলনেতা/ দলনেত্রী এবং সদস্য-সদস্যাদের বাছাই করে গ্রাম প্রতিরক্ষা দলের প্লাটুন গঠন ও পুনর্গঠনের কাজ সব সময় হালনাগাদ রাখা;
19. তার অধীনস্থ কর্মচারীদের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করা;

20. উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য বিধিসম্মত দায়িত্ব পালন করা।

## থানা/উপজেলা প্রশিক্ষক (পুরুষ ও মহিলা)

**দায়িত্বাবলী:**

1. উপজেলার স্বেচ্ছাসেবী আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাদের প্রধান প্রশিক্ষক হিসেবে দায়িত্বপালন করা;
2. ইউনিয়ন দলনেতা ও দলনেত্রীদের কার্যক্রম তত্ত্বাবধান করা;
3. থানা/ উপজেলার বিভিন্ন এলাকা পরিভ্রমন এবং ইউনিয়ন দলনেতা ও দলনেত্রীদের সহযোগীতায় ইউনিয়নের স্বেচ্ছাসেবী আনসার ভিডিপি সদস্য- সদস্যাদের সামাজিক নিরাপত্তা রক্ষায় উদ্বুদ্ধ করা।
4. স্বেচ্ছাসেবী আনসার ও ভিডিপি সদস্যা- সদস্যাদের মাধ্যমে সামাজিক নিরাপত্তার জন্য হানিকর তথ্য সংগ্রহ এবং তা কমান্ড চ্যানেলে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা।
5. বিভিন্ন পেশা ভিত্তিক এবং কর্মমূখী প্রশিক্ষণে দক্ষতা অর্জনকারী স্বেচ্ছাসেবী সদস্য সদস্যাদের উদ্যোক্তা হতে উদ্বুদ্ধ ও সহযোগিতা করা। উদ্যোক্ত সৃজনের মাধ্যমে নিম্নআয়ের জনগোষ্ঠির আর্থিক নিরাপত্তা বৃদ্ধি করা।
6. স্বেচ্ছাসেবী সদস্য সদস্যাদের সুসংগঠিতভাবে তাদের এলাকার পরিবেশ সংরক্ষণ, অপরাধ প্রশমন, অপকর্ম প্রতিহতকরণ ইত্যাদি কাজে সক্রিয় রাখা।
7. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার অনুপস্থিতিতে ভারপ্রাপ্ত উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করা;
8. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে অর্পিত অন্যান্য দায়িত্ব যথাযথভাবে পালন করা।